

# দায়িত্ব পেয়েই বড় পরিবর্তনের ইঙ্গিত শিক্ষামন্ত্রীর

অনলাইন ডেস্ক



দেশের বর্তমান শিক্ষাব্যবস্থায় বড় পরিবর্তনের ইঙ্গিত দিয়েছেন নতুন শিক্ষামন্ত্রী আনম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, একটু অপেক্ষা করুন, নিশ্চয়ই দেখবেন। দায়িত্ব যেহেতু পেয়েছি, ইনশাআল্লাহ অনেক চমক রয়েছে। শুরু হবে কয়েক দিনের মধ্যেই।

এক শব্দে বলতে গেলে, ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা।

মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি) সংসদ ভবনে শপথের পর রাতে গণমাধ্যমের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, উই আর লিভিং ইন এ গ্লোবাল  
ভিলেজ। আমাদের শিক্ষা ব্যবস্থাকে গ্লোবাল  
কম্পিটিটিভনেসে আনতে হবে।

ইটস নো লঙ্গার এ লোকাল কমোডিটি, ইটস  
অ্যান ইন্টারন্যাশনাল কমোডিটি।

এহছানুল হক বলেন, আমাদের ফোর্থ  
জেনারেশন ইন্ডাস্ট্রিয়লাইজেশনে  
ন্যানোটেকনোলজি, আর্টিফিশিয়াল  
ইন্টেলিজেন্স, বায়োটেক এগুলিকে গুরুত্ব দিতে  
হবে। ইন্ডাস্ট্রি ও একাডেমিয়ার  
লিংকিংসগুলিকে আমাদের লক্ষ্য দিতে হবে।  
আমাদের টিভেট (টেকনিক্যাল অ্যান্ড  
ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং)-কে  
গুরুত্ব দিতে হবে।

সর্বোপরি শিক্ষা ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন  
আনতে হবে। বললাম না, ইটস অ্যান  
ইন্টারন্যাশনাল কমিউনিটি। এটাকে আমাদের  
ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডাইজেশন করতে হবে।  
এর কোনো বিকল্প নেই।

তিনি আরো বলেন, দল-মত নির্বিশেষে আমি  
বিজয়ী হয়েছি, সবাই আমার।

সবার জন্য কাজ করব। এবং বাংলাদেশের সেরা  
উপজেলা শুধু শিক্ষা নয়, মাদক নির্মূল, দুর্নীতি  
থেকে শুরু করে সবকিছুতেই বাংলাদেশের সেরা  
উপজেলা বানাব, এটাই আমার স্বপ্ন।

প্রসঙ্গত, ২০০১ সালে মন্ত্রিসভায় শিক্ষা প্রতিমন্ত্রী  
হিসেবে দায়িত্ব পালন করেছিলেন আ ন ম  
এহছানুল হক মিলন।